

কাজ চাইলে কাজ পাবে কাজের মাপে দাম  
দাম পাইলে থাকবে ভালো সুখ অবিরাম

পুকুর খুরে চারিপাশে লাগিয়ে দিও গাছ  
গাছ লাগালে ফল পাবে পুকুরে থাকবে মাছ

কাজ করলে পুকুর হবে, হবে খেলার মাঠ  
রাস্তা হবে, বাগান হবে, গাছ লাগালে কাঠ

কাজের দিনে নিয়ে এসো ঝুড়ি ও কোদাল  
বাগান করো, মাঠ করো প্রয়োজনে আল

বাড়ির ছেলে বসে নেই করতে গেছে কাজ  
১৪ দিন হয়ে গেছে, মজুরী পাবে আজ

কাজ চাইলে কাজ পাবেন বছরে ১০০ দিন  
পোষ্ট অফিস ও ব্যাঙ্কে গিয়ে টাকা বুঝে নিন

মহিলা আসুন, পুরুষ আসুন কাজ অধিকার আজ  
এগিয়ে আসুন এগিয়ে আসুন এ যে ১০০ দিনের কাজ